সংবাদ

তারিখ 20 NOV 2016
পৃষ্ঠা ১৭ কলাম ৭

# কুমিল্লা ভিক্টোরিয়া সর. কলেজে 'হৃদয়ে বঙ্গবন্ধু' ম্যুরাল উন্মোচন

প্রতিনিধি, কুমিল্লা

কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজের নগরীর ধর্মপুরস্থ ডিগ্রী শাখায় 'হৃদয়ে বঙ্গবন্ধু' স্মারক ম্যুরালের উদ্বোধন করা হয়েছে। অনুষ্ঠানের প্রধান অতিথি কুমিল্লা সদর আসনের এমপি হাজী আ ক ম বাহাউদ্দিন গতকাল শনিবার সকাল সাড়ে ১০টার দিকে এ ম্যুরালের উদ্বোধন করেন। কলেজ অধ্যক্ষ প্রফেসর মো. আবদুর রশীদের সভাপতিত্বে ওই অনুষ্ঠানে বক্তব্য রাখেন কুমিল্লা মেডিকেল কলেজের অধ্যক্ষ অধ্যাপক ডা. মো. মহসিনুজ্জামান চৌধুরী, কুমিল্লা শিক্ষাবোর্ডের চেয়ারম্যান প্রফেসর মো. আবদুল খালেক, ম্যুরাল নির্মাণ কমিটির আহবায়ক ও কলেজের উপাধ্যক্ষ প্রফেসর মো. আবু তাহের এবং কলেজের শিক্ষক পরিষদের সম্পাদক মো. জহিরুল ইসলাম পাটোয়ারী প্রমুখ। জানা যায়, কলেজের ডিগ্রী শাখায় প্রশাসনিক ভবনের সামনে ১৫০ ফুট দৈর্ঘ্য ও ৮০ ফুট প্রস্থের জায়গায় কলেজের উন্নয়ন তহবিল হতে ১০ লাখ ৫শ টাকা ব্যয়ে এটি নির্মাণ করা হয়। এর মধ্যে ম্যুরালের মূল বেদী ৬০ ফুট দৈর্ঘ্য ও ৫০ ফুট প্রস্থ। ৪টি স্তম্ভে এর উচ্চতা ৩৬ ফুট। ম্যুরালের ৩ পাশের সিঁড়ির ফাঁকা অংশে জাতীয় পতাকার আদলে সবুজ পাতার ঘাস এবং লাল পাতার গাছ রোপন করা হয়েছে। নির্মিত এ কাজটি তদারকির দায়িত্বে ছিলেন কলেজের উপাধ্যক্ষ প্রফেসর মো. আবু তাহেরের নেতৃত্বে ৭ সদস্যের একটি নির্মাণ কমিটি।